

Higher Secondary 2018 Bengali Suggestion

Downloaded From : www.WebExam.in

Date of Exam : 27th March, 2018

বিভাগ - ক (৫০ নম্বর)

1. অনধিক ১৫০ শব্দের মধ্যে উত্তর দাও (গল্প)

- 1.1 "বাদার ভাত খেলে..... যাবে একদিন" - বাদা কাকে বলে? এই রকম মনে হওয়ার কারণ কি?
- 1.2 "মৃত্যুঞ্জয়ের বাড়ির অবস্থা শোচনীয়" - মৃত্যুঞ্জয় কে? তার বাড়ির অবস্থা শোচনীয় কেন?
- 1.3 "হঠাৎ বিকালে এক অদ্ভুত দৃশ্য দেখা গেল" - দৃশ্যটির বর্ণনা দাও।
- 1.4 "নিখিল ভাবছিল বন্ধুকে বুঝিয়ে বলবে" - বন্ধুর পরিচয় দাও। তাকে সে কী বলতে চাই কিংবা শেষ পর্যন্ত কী বলল?
- 1.5 "শেষ রোদের আলোয়..... আবছা হয়ে গেল" - কার কথা বলা হয়েছে? সে ক্রমশ আবছা হয়ে গেল কেন?
- 1.6 "উচ্ছবের হঠাৎ মনে হয়..... মেখে আসি" - এরকম মনে হওয়ার কারণ কী? উচ্ছব সম্পর্কে আলোচনা করো।
- 1.7 ভারতবর্ষ গল্পের মাধ্যমে আমরা ভারতবর্ষের যে ঐতিহ্যকৃষ্টির পরিচয় পাই তা আলোচনা করো। / ভারতবর্ষ গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।
- 1.8 মৃত্যুঞ্জয় কেন অসুস্থ হয়ে পড়েছিল? শেষ পর্যন্ত তার কী পরিনতি লক্ষ্য করা গেল?
- 1.9 "ফুটন্ত ভাতের গন্ধ..... করে দিল" - কেন ভাতের প্রতি উচ্ছবের এত আকর্ষণ? কীভাবে সে ভাতের চাহিদা পূরণ করেছিল?

2. অনধিক ১৫০ শব্দের মধ্যে উত্তর দাও (কবিতা)

- 2.1 "আমার দরকার শুধু গাছ দেখা" - বক্তা কে? তার গাছ দেখা দরকার কেন?
- 2.2 "ঘুমহীন তাদের চোখ..... দুঃস্বপ্ন" - কাদের কথা বলা হয়েছে? তাদের ঘুমহীন চোখ ক্লান্ত দুঃস্বপ্ন হানা দেয় কেন?
- 2.3 "ক্রন্দনরতা জননীর পাশে" কবিতায় কবি জননীকে ক্রন্দনরতা বলেছেন কেন? এই কবিতার মূল ভাবাবেগ আলোচনা করো।
- 2.4 "শহরের অসুখ হাঁ করে..... অনটন ঘটে" - 'শহরের অসুখ' বলতে কবি কী বুঝিয়েছেন? সবুজের অনটন কিভাবে ঘটে?
- 2.5 "এক অদ্ভুত শব্দ..... মতো লাল" - কীসের শব্দ? এই শব্দের সাথে নদীর বর্নময় জলের সম্পর্ক কোথায় তা লেখো।
- 2.6 "তাই বলি, গাছ তুলে আনো" - কবি কখন এই কথা বলেছেন? এই কথা বলার কারণ কী?
- 2.7 ভোরের চিত্র 'শিকার' কবিতা অবলম্বনে লেখো। এই কবিতায় কতবার আগুন জ্বালার কথা বলা হয়েছে? এই আগুন জ্বালার স্বতন্ত্র্য পরিস্ফুট করো।
- 2.8 নিহত ভাইয়ের শব্দেহ দেখে কবি কী প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন?
- 2.9 "কেন তবে লেখা..... আঁকাআঁকি" - লেখা, গান গাওয়া ও আঁকাআঁকি বিষয়ে কবির মূলবক্তব্য লেখো।
- 2.10 "আমার বিবেক..... বিস্ফোরণের আগে" - এমন অনুভূতি কার এবং এই অনুভূতির কারণ কি?

3. অনধিক ১৫০ শব্দের মধ্যে উত্তর দাও (নাটক)

- 3.1 'নানা রঙের দিন' নাটক অবলম্বনে রজনীকান্ত চট্টোপাধ্যায়ের চরিত্র আলোচনা করো।
- 3.2 'অভিনেতা মানে একটা চাকর..... একমাত্র কর্তব্য' - বক্তার এইরূপ উক্তির কারণ কী?

- 3.3 অভাবের যে চিত্র 'বিভব' নাটকে প্রকাশ পেয়েছে তা লেখো।
- 3.4 "পৃথিবীতে সবচেয়ে..... প্রেম" - বক্তা কে? কোন প্রসঙ্গে এই উক্তি?
- 3.5 "আমরা বাঙালিরা.... জাত" - বক্তা কে? এই উক্তিটির প্রসঙ্গিকতা আলোচনা করো।
- 3.6 "শিল্পকে যে-মানুষ ভালোবেসছে - তার বার্বক্য নেই" - উক্তিটির তাৎপর্য বিচার করো।

4. অনধিক ১৫০ শব্দের মধ্যে উত্তর দাও (আন্তর্জাতিক কবিতা / ভারতীয় গল্প)

- 4.1 "পাতায়-পাতায় জয়..... বানাত কারা?" - পাতায় পাতায় কাদের জয় লেখা? 'জয়োৎসবের ভোগ যারা বানাতো তাদের প্রতি কবির কী মনোভাব প্রকাশ পেয়েছে?
- 4.2 "ঝড়ের বেগে ছুটে আসা ট্রেন..... যাবে না কেন?" - ট্রেন থামানোর দরকার হয়েছিল কেন? ট্রেন কিভাবে থামানো হয়েছিল?
- 4.3 "গল্পটা আমাদের স্কুলে শোনানো হল" - গল্পটা কী? স্কুলে গল্পটি শুনে লেখকের কী প্রতিক্রিয়া হয়েছিল?
- 4.4 "পাঞ্জাসাহেবে পৌঁছে এক আশ্চর্য ঘটনার কথা জানতে পারি।" - আশ্চর্য ঘটনাটি কী?
- 4.5 "কে আবার গড়ে তুলল এতবার?" - কাদের, কী গড়ে তোলার কথা বলা হয়েছে? যারা গড়ে তুলল তাদের পরিচয় দাও।
- 4.6 "নিমেষেই চারিদিকে থৈ থৈ।" - কেন এমন অবস্থা? এ বিষয়ে প্রকৃত ঘটনাটি প্রসঙ্গ উল্লেখপূর্বক ব্যক্ত করো।
- 4.7 "তিনবারের বার চুড়োয় পৌঁছেই মর্দানা ওঁর পায়ে লুটিয়ে পড়ে।" - 'ওঁর' বলতে কাকে নির্দেশ করা হয়েছে? তাঁর পায়ে মর্দানা কেন লুটিয়ে পড়ল?
- 4.8 "কত সব প্রশ্ন।" - প্রশ্ন গুলি কার মনে জাগে? প্রশ্নগুলি কী?

5. অনধিক ১৫০ শব্দের মধ্যে উত্তর দাও (আমার বাংলা)

- 5.1 "কিন্তু হাতি-বেগার আর চলল না।" - হাতি-বেগার আইন কী? তা আর চলল না কেন?
- 5.2 "তোমরা হাত বাড়াও, তাকে সাহায্য করো।" - লেখক কাকে, কিভাবে, কেন সাহায্য করতে বলেছেন?
- 5.3 "গাঁয়ের লোক ঠাট্টা..... বিশেষ ডাকাত" - সাধু কে? 'মেঘের গায়ে জেলখানা' রচনাংশে সাধুর যে পরিচয় পাওয়া যায় তা নিজের ভাষায় লেখ।
- 5.4 "সব কাজেই দফার ডাক পড়ে" - দফার পরিচয় দাও। তার জীবনের করুন পরিনতি বর্ণনা দাও।
- 5.5 "একটু দূরে স্টেশনের..... অদ্ভুত জন্ত দেখলাম" - বক্তা কথায় এটি দেখলেন। তাঁর দেখা জন্তটি কিরকম লেখো।
- 5.6 "ছেলেটা মুখ খুবড়ে মাটিতে পড়ে গেল" - ছেলেটার মুখ খুবড়ে পড়ার কারণ কী? তার সম্পর্কে কী জানা যায়? কোন পরিস্থিতিতে ছেলেটার এই পরিনতি?
- 5.7 "বছরের এই সময়টা তারা চাষবাস করে" - বছরের কোন সময়ে, কারা চাষবাস করে? তাদের চাষবাস সম্পর্কে লেখো।
- 5.8 "এছাড়াও আছে কেসটেবিল" - কোথায় কেসটেবিল আছে? কেসটেবিল কী?

6. অনধিক ১৫০ শব্দের মধ্যে উত্তর দাও (ভাষা)

- 6.1 উদাহরণ সহ গুচ্ছ ধ্বনির পরিচয় দাও।
- 6.2 গঠনগত দিক থেকে বাক্য কয় প্রকার? যে কোনো এক প্রকারের উদাহরণসহ পরিচয় দাও।
- 6.3 মুন্ডমাল শব্দ কাকে বলে? উদাহরণ সহ বুঝিয়ে দাও।
- 6.4 শব্দার্থ পরিবর্তনের ধারা গুলি উল্লেখ করে যে কোনো দুটি ধারার উদাহরণ সহ পরিচয় দাও।
- 6.5 যুক্তধ্বনি ও গুচ্ছধ্বনি কাকে বলে, উদাহরণ সহ লেখ। ধ্বনিমূল ও সহধ্বনির সম্পর্ক লেখো।



